



বিপরীতার্থক শব্দ

- ১। সিদ্ধার্থ রাজপথে জরায় আক্রান্ত এক ব্যক্তিকে দেখলেন। ‘জরা’ শব্দের বিপরীত শব্দটি হল —
(খ) যৌবন
- ২। ভাইয়ে ভাইয়ে কখনো ঝগড়া করবে না। ‘ঝগড়া’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ঘ) মিটমাট
- ৩। ‘তুষ্ট’ শব্দের বিপরীত শব্দটি হল —
(গ) রুষ্ট
- ৪। আমার দাদু নাস্তিক ছিলেন। ‘নাস্তিক’ শব্দের বিপরীত অর্থটি হল —
(ক) আস্তিক
- ৫। আমাদের গ্রামে একটি প্রাচীন মন্দির আছে। ‘প্রাচীন’ শব্দটির বিপরীত শব্দটি হল —
(খ) নবীন
- ৬। পাপকে ঘৃণা কর। ‘পাপ’ শব্দের বিপরীত শব্দটি হল —
(গ) পুণ্য
- ৭। ‘প্রত্যক্ষ’ শব্দটির বিপরীত শব্দটি হল —
(ঘ) পরোক্ষ
- ৮। নকল হইতে সাবধান। ‘নকল’ শব্দের বিপরীত শব্দটি হল —
(গ) আসল
- ৯। ‘নম্র’ শব্দের বিপরীত শব্দটি হল —
(খ) উদ্ধত
- ১০। দুর্বল শরীর নিয়ে এত কাজ করো না। ‘দুর্বল’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ক) সবল
- ১১। ‘বিস্তৃত’ শব্দের বিপরীত শব্দটি হল —
(গ) সংক্ষিপ্ত
- ১২। আমার প্রচুর কলম আছে। ‘প্রচুর’ শব্দের বিপরীত শব্দটি হল —
(খ) অল্প
- ১৩। সাহিত্যসভায় বক্তা বেশি ছিলেন না। ‘বক্তা’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ক) শ্রোতা
- ১৪। ‘বিবাদ’ শব্দটির বিপরীত শব্দটি হল —
(গ) মিত্রতা
- ১৫। প্রভু আমাদের অপরাধ ক্ষমা করো। ‘প্রভু’ শব্দের বিপরীত শব্দটি হল —
(খ) ভৃত্য